

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা ও দায়রা জজ এর কার্যালয়  
ভোলা।

আদেশ নং-১৭৫,

তারিখ : ২৯ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ।  
১৩ আগস্ট ২০২৫ খ্রিস্টাব্দ।

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, আইন ও বিচার বিভাগ, প্রশিক্ষণ শাখা-১ এর স্মারক নং- ১০.০০.০০০০.১৫১.২৯.০০১.২৪.৯৬, তারিখ-২২ জুলাই ২০২৫খ্রিঃ মূলে আগামী ১৭-১৯ আগস্ট ২০২৫খ্রিঃ তারিখ বাংলাদেশ সরকারের এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম কর্তৃক বিচার বিভাগের জন্য প্রস্তুতকৃত বিচার বিভাগীয় বাতায়ন (judiciary.gov.bd) এর পরিচিতি ও পরিচালনা পদ্ধতির ওপর আদালতের সহায়ক কর্মচারীদের জন্য ভারুয়াল প্রশিক্ষণের আয়োজন করায় উক্ত প্রশিক্ষণে অংশগ্রহণ করার জন্য জনাব মোঃ মিজানুর রহমান, সেরেসাদার, যুগ্ম জেলা ও দায়রা জজ ১ম আদালত, ভোলা এবং জনাব মোঃ আক্তার হোসেন, বেঞ্চ সহকারী, অতিরিক্ত জেলা ও দায়রা জজ ২য় আদালত, ভোলা-কে মনোনয়ন প্রদান করা হল। তাদেরকে নির্ধারিত সময় সূচী অনুযায়ী জুম ভারুয়াল প্ল্যাটফর্মে (মিটিং আইডি: ৯৮৭ ৬০৫ ৪৮৭০ ও পাসকোড: ১২৩৪) এ সংযুক্ত থেকে উক্ত প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য নির্দেশ দেয়া গেল।

সংশ্লিষ্ট সকলকে জ্ঞাত করানো হোক।

স্বাক্ষরিত  
(এ,এইচ,এম, মাহমুদুর রহমান)  
সিনিয়র জেলা ও দায়রা জজ  
ভোলা।

স্মারক নং- ৪৪৯ (৬)/৫,

তারিখ : ২৯ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ।  
১৩ আগস্ট ২০২৫ খ্রিস্টাব্দ।

অনুলিপি অবগতির জন্য প্রেরণ করা হল :

০১। উপসচিব(প্রশিক্ষণ), আইন ও বিচার বিভাগ, আইন বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।

অনুলিপি অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল :

০২। অতিরিক্ত জেলা ও দায়রা জজ ২য় আদালত, ভোলা।

০৩। যুগ্ম জেলা ও দায়রা জজ ১ম আদালত, ভোলা।

০৪। মোঃ মিজানুর রহমান, সেরেসাদার, যুগ্ম জেলা ও দায়রা জজ ১ম আদালত, ভোলা।

০৫। মোঃ আক্তার হোসেন, বেঞ্চ সহকারী, অতিরিক্ত জেলা ও দায়রা জজ ২য় আদালত, ভোলা।

০৬। অফিস কপি।

(এ,এইচ,এম, মাহমুদুর রহমান)  
সিনিয়র জেলা ও দায়রা জজ  
ভোলা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়  
আইন ও বিচার বিভাগ  
প্রশিক্ষণ শাখা-১  
www.lawjusticediv.gov.bd

নম্বর: ১০.০০.০০০০.১৫১.২৯.০০১.২৪.৯৬

তারিখ: ৭ শ্রাবণ ১৪৩২  
২২ জুলাই ২০২৫

বিষয়: বিচার বিভাগীয় বাতায়নের পরিচিতি ও পরিচালনা পদ্ধতির ওপর আদালতের সহায়ক কর্মচারীদের অনলাইন প্রশিক্ষণ।

সূত্র: স্মারক নং ৫৬.৮৩.০০০০.০০০.০১৫.২০.০০০২.২৫.২, তারিখ: ১৩/০৭/২০২৫, ডিজিটাল জুডিসিয়ারি, এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।


উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে নির্দেশিত হয়ে বাংলাদেশ সরকারের এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম কর্তৃক বিচার বিভাগের জন্য প্রস্তুতকৃত বিচার বিভাগীয় বাতায়ন (judiciary.gov.bd) এর পরিচিতি ও পরিচালনা পদ্ধতির ওপর আদালতের সহায়ক কর্মচারীদের জন্য ডারুয়াল প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে। নিম্নলিখিত বর্ণিত সূচী অনুযায়ী প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য ছকে উল্লিখিত জেলা ও মহানগরের জেলা ও দায়রা জজ, মহানগর দায়রা জজ, চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট এবং চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেটগণকে প্রযুক্তি জ্ঞানসম্পন্ন ২ (দুই) জন কর্মচারীকে মনোনয়ন প্রদানপূর্বক মনোনীত কর্মচারীগণকে প্রশিক্ষণে অংশগ্রহণের অনুমতি প্রদানের জন্য নির্দেশনা প্রদান করা হলো:

সূচী নম্বর	প্রশিক্ষণের তারিখ	জেলা ও মহানগরসমূহ	প্রশিক্ষণার্থীর সংখ্যা
প্রথম	২৭-২৯ জুলাই ২০২৫	খুলনা, খুলনা মহানগর, যশোর, বাগেরহাট এবং সাতক্ষীরা	২০ জন
দ্বিতীয়	৩, ৪ ও ৬ আগস্ট ২০২৫	কুষ্টিয়া, মেহেরপুর, নড়াইল, চুয়াডাঙ্গা ও মাপুরা	২০ জন
তৃতীয়	১০-১২ আগস্ট ২০২৫	বিনাইদহ, ময়মনসিংহ, নেত্রকোণা, শেরপুর এবং জামালপুর	২০ জন
চতুর্থ	১৭-১৯ আগস্ট ২০২৫	বরিশাল, বরিশাল মহানগর, পটুয়াখালী, ভোলা এবং বরগুনা	
পঞ্চম	২৪-২৬ আগস্ট ২০২৫	বালকাঠি, পিরোজপুর, রংপুর, রংপুর মহানগর, দিনাজপুর এবং নোয়াখালী	২৪ জন
ষষ্ঠ	৩১ আগস্ট, ১ ও ২ সেপ্টেম্বর ২০২৫	গাইবান্ধা, কুড়িগ্রাম, লালমনিরহাট, নীলফামারী, পঞ্চগড় এবং ঠাকুরগাঁও	২৪ জন

০২। উল্লেখ্য, প্রশিক্ষণের যাবতীয় ব্যয় এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম বহন করবে।

০৩। উক্ত প্রশিক্ষণটি সকাল ৯.০০ ঘটিকা হতে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত অনুষ্ঠিত হবে।

০৪। প্রশিক্ষণার্থীগণকে জুম ডারুয়াল প্ল্যাটফর্ম (মিটিং আইডি: ৯৮৭ ৬০৫ ৪৮৭০ ও পাসকোড: ১২৩৪) এ সংযুক্ত থেকে প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো।

  
(ড. আবুল হোসাইন)  
উপসচিব (প্রশিক্ষণ)

জনাব মোঃ রাশিদুল মাল্লাফ কবীর

প্রকল্প পরিচালক (যুগ্মসচিব)


এসপায়ার টু ইনোভেট (এটুআই)

নম্বর: ১০.০০.০০০০.১৫১.২৯.০০১.২৪.৯৬/১(৮)

তারিখ: ৭ শ্রাবণ ১৪৩২  
২২ জুলাই ২০২৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
২. জেলা ও দায়রা জজ/মহানগর দায়রা জজ,
৩. চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট,
৪. উপদেষ্টার একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৫. সচিবের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।
৬. প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৭. গার্ড ফাইল।
৮. অফিস কপি।

  
(মারুফ আলম)

সিনিয়র সহকারী সচিব

sas.training1@lawsjusticegov.bd